

উল্লাপাড়া বিজ্ঞান কলেজে

কৃতি ছাত্রছাত্রীদের

সংবর্ধনা অনুষ্ঠান

উল্লাপাড়া (সিরাজগঞ্জ) থেকে সংবাদমাতা : উল্লাপাড়া বিজ্ঞান কলেজের কৃতি মোট ১৪ জন ছাত্রছাত্রীকে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে সংবর্ধনা প্রদান করা হয়।

এ বছর এইচএসসি পরীক্ষায় রাজশাহী বিভাগে পাশের হার ১৮.১৮% হলেও বিজ্ঞান কলেজে পাশের হার ছিল ৬৬.৪০%। মানবিক বিভাগে সঞ্চিত মেধা তালিকায় ৫ম ও মেয়েদের মধ্যে ৪র্থ স্থান লাভ করে কথাইয়া কাওসারী, এছাড়া বন্দকার মঞ্জুরে কবীর ব্যবসায় শিক্ষা বিভাগে মেয়েদের মধ্যে ৯ম স্থান লাভ করে। বাকি ১২ জন শিক্ষার্থী স্টারপ্রোগ্রামেরও পদক প্রদান করা হয়। কলেজের প্রতিষ্ঠাতা বিশিষ্ট শিক্ষানুরাগী এবং বর্তমান সাংসদ এম. আকবর আলীর সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রধান অতিথি প্রেস কাউন্সিলের চেয়ারম্যান ও সাংসদ বিচারপতি মোজাম্মেল হক, বিশিষ্ট চক্র বিশেষজ্ঞ সাংসদ অধ্যাপক ডা. এম. এ. মতিন, দাতা সদস্য মোমেনা আলী, জেলা সচিব জিয়াউদ্দিন আহমেদ, পৌর চেয়ারম্যান বেদাল হোসেন, উপজেলা নির্বাহী অফিসার অমিত কুমার বাউল, অধ্যক্ষ হামিদুল হক মুন্সি। শেষে এক মনোজ্ঞ বিচিত্রানুষ্ঠান অনুষ্ঠিত হয়।